



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালিত

“তথ্যের অবাধ প্রবাহে ইন্টারনেটের গুরুত্ব”- এ প্রতিপাদ্যে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ পালিত হয়েছে। এ উপলক্ষে বৃহস্পতিবার (২৮ সেপ্টেম্বর ২০২৩) বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। এতে নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

এ সময় আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী ও মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশ নেন।

আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, অনিয়ম-দুর্নীতি বন্ধ ও সুশাসনের ক্ষেত্রে তথ্যের অধিকার নিশ্চিতকরণ খুবই গুরুত্বের দাবি রাখে। মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা ২০০৯ সালে সরকার গঠনের পরপরই জাতীয় সংসদে তথ্য অধিকার আইন পাশ করেন। এ আইন বাস্তবায়নের মাধ্যমে তিনি প্রতিষ্ঠানগুলোতে জবাবদিহিতা নিশ্চিত করতে চেয়েছেন। আমাদের সকলের উচিত সে লক্ষ্য বাস্তবায়নে কাজ করা।

জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা ইউনেস্কোর সাধারণ সম্মেলনে স্বীকৃতি পাওয়ার পর থেকে প্রতি বছর ২৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস হিসেবে পালিত হয়। এ বছর তথ্য কমিশন কর্তৃক বাংলাদেশে দিবসটির শ্লোগান নির্ধারণ করা হয়েছে- “ইন্টারনেটে তথ্য পেলে জনমনে শান্তি মেলে”।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়